



নির্ব্বার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

EIIN-138185, School Code: 1423, College Code: 1309

নিয়োগ বিজ্ঞপ্তি

১। নির্ব্বার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ এর নিজস্ব অর্থায়নে নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগ করা হবে:

বিষয় ও পদের নাম	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য
(১) প্রদর্শক (পদার্থবিজ্ঞান)	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী/সম্মান। স্কুল/কলেজ নিবন্ধন পরীক্ষায় কৃতকার্য ও বিএড/এমএড ডিগ্রীসহ শিক্ষকতায় অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। ইংরেজী ভাষায় পাঠদানে দক্ষতা থাকতে হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবহারিক ক্লাস পরিচালনা করতে হবে। খ। ৩১ জুলাই ২০২২ তারিখে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। গ। বেতন স্কেল: জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০ম)।

২। অত্র শিক্ষা প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত পদ সমূহে স্থায়ী ভিত্তিতে কর্মরত কর্মচারীদেরকে স্থায়ী নিয়োগ/নিয়োগের নিমিত্তে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য
(২) লাইব্রেরী সহকারী	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস হতে হবে। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটারে পরিচালনায় পারদর্শী হতে হবে। খ। ৩১ জুলাই ২০২২ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। গ। বেতন স্কেল: জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী মূল বেতন ১০২০০ - ২৪৬৮০ (গ্রেড-১৪তম)
(৩) ক্লাস এ্যাটেন্ডেন্ট (মহিলা)	ক। এইচএসসি/সম্মান এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। ছোট বাচ্চাদের প্রতি বিশেষভাবে যত্নশীল, চিত্রাঙ্কনে পারদর্শীতা ও ইংরেজী ভাষায় কথোপকথনে দক্ষ হতে হবে। খ। ৩১ জুলাই ২০২২ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। গ। বেতন স্কেল: জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী মূল বেতন ৮৫০০-২০৫৭০ (গ্রেড-১৯তম)।
(৪) গার্ড (পুরুষ)	ক। জেএসসি/সম্মান এবং শারীরিক যোগ্যতা সম্পন্ন ও সুঠাম দেহের অধিকারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। খ। ৩১ জুলাই ২০২২ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। গ। বেতন স্কেল: জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী মূল বেতন ৮২৫০ - ২০০১০ (গ্রেড-২০)
(৫) পরিচ্ছন্নকর্মী	ক। জেএসসি/সম্মান এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। শারীরিক যোগ্যতা সম্পন্ন ও সুঠাম দেহের অধিকারী হতে হবে। খ। ৩১ জুলাই ২০২২ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। গ। বেতন স্কেল: জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী মূল বেতন ৮২৫০ - ২০০১০ (গ্রেড-২০)
(৬) মালী	ক। জেএসসি/সম্মান এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। শারীরিক যোগ্যতা সম্পন্ন ও সুঠাম দেহের অধিকারী হতে হবে। খ। ৩১ জুলাই ২০২২ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। গ। বেতন স্কেল: জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী মূল বেতন ৮২৫০ - ২০০১০ (গ্রেড-২০)

৩। অন্যান্য সুবিধা ও নির্বাচনী পরীক্ষা। প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, প্রণোদনা ভাতা, শিক্ষা সহায়ক ভাতা এবং চাকুরি স্থায়ী হওয়া স্বাপেক্ষে প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি সুবিধা প্রদান করা হবে। নির্বাচনী ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় এসএমএস এর মাধ্যমে জানানো হবে (ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না)। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র দেখাতে হবে।

৪। আবেদনের নিয়মাবলী: আত্মহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (জিমেইল ও মোবাইল নম্বরসহ), শিক্ষাগত যোগ্যতা, জন্মসনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদ এবং সভাপতি, পরিচালনা পর্ষদ, নির্ব্বার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা সেনানিবাস এর অনুকূলে (সোনালী, অগ্রণী, জনতা অথবা ট্রাস্ট ব্যাংক এর যেকোনো শাখা হতে) উল্লিখিত (১) নং পদের জন্য ৫০০/- টাকা এবং অন্যান্য পদের জন্য ৩০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সহ আবেদনপত্র আগামী ১৮ আগস্ট ২০২২ তারিখ দুপুর ০২:০০ ঘটিকার মধ্যে কলেজ কার্যালয়ে পৌছাতে হবে অথবা www.ncpsc.edu.bd এর carrier tab এর মাধ্যমে অনলাইনে আবেদন করা যাবে।

বি. দ্র.: কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ/যে কোনো আবেদনপত্র স্থগিত/বাতিল করার ক্ষমতা রাখেন।

আই এস পি আর/সেনা/২০২২/৪৭৫

২/০৮/২২

স-১৮৮৮ (৮×৪)

-অধ্যক্ষ ও সচিব